

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৯৩-আইন/২০১৯/৫০-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার বাংলাদেশ নৌ-বাহিনীর সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিমিত্ত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর Heading No. 24.02 এবং উহার H.S. Code 2402.20.00 এর আওতাভুক্ত তামাকের তৈরি সিগারেটকে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলিঃ

- (ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে নৌ-বাহিনীর সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা নৌ-বাহিনীর সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেট সরবরাহকারীর নিকট ফরমায়েশকৃত সিগারেটের ব্র্যান্ড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের (ধূমপানের) জন্য বিতরণ করা হইবে;
- (খ) উক্ত প্রত্যয়নপত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার উপর এখতিয়ার সম্পন্ন সংশ্লিষ্ট শুল্ক, আবগারি ও ভ্যাট কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে;
- (গ) সরবরাহকারী সিগারেটের প্রতিটি শলাকা, প্যাকেটে ও পার্সেলের গায়ে “Duty Free for B.N Ships” শব্দগুলি স্পষ্ট অক্ষরে মুদ্রণ করিবেন;
- (ঘ) সরবরাহকারী প্রতি মাসে সরবরাহকৃত সিগারেটের ব্র্যান্ডভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ সংবলিত একটি বিবরণী উক্ত মাসের পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব